

সামিট-জেরা যৌথভাবে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালকে একটি অ্যাম্বুলেন্স প্রদান করেছে



ফটো ক্যাপশন: লেঃ কর্নেল (অব:) মুহাম্মদ ফারুক খান এমপি, বাংলাদেশ আওয়ামীলীগের প্রেসিডিয়াম সদস্য, লতিফ খান, ভাইস চেয়ারম্যান সামিট গ্রুপ এবং মুনিরা খান, সদস্য, সিরাজ-খালেদা ট্রাস্টি বোর্ড কোভিড রুগীদের জন্য বিশেষভাবে তৈরী অ্যাম্বুলেন্স মেজর জেনারেল মো: মোশফেকুর রহমান এরিয়া কমান্ডার, লজিস্টিক এরিয়া কাছে হস্তান্তর করেন।

(ঢাকা) ১৯শে নভেম্বর ২০২০, বৃহস্পতিবার: সামিট ও তার অংশীদার, জাপানের বৃহত্তম বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান, সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালকে (এসকেএমসিবি জেনারেল হাসপাতাল) হাই-ফ্লো নেসাল অক্সিজেন (এইচএফএনও) সরঞ্জামসহ একটি অত্যাধুনিক অ্যাম্বুলেন্স উপহার দিয়েছে।

ঢাকা সেনানিবাস বোর্ড কর্তৃক পরিচালিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পক্ষে মেজর জেনারেল মো: মোশফেকুর রহমান এসজিপি এসইপি এনডিসি পিএসসি, এরিয়া কমান্ডার, লগ এরিয়া -- এই উপহারটি গ্রহণ করেন। এই সময়ে লেঃ কর্নেল (অব:) মুহাম্মদ ফারুক খান এমপি, বাংলাদেশ আওয়ামীলীগের প্রেসিডিয়াম সদস্য এ অনুষ্ঠানে উপস্থিত থেকে বলেন, "আমি সামিট ও জেরাকে বিশেষভাবে তাদের এই উপহারের জন্য ধন্যবাদ জানাতে চাই, কেননা এই এম্বুলেন্সটি এমন একটি সময়ে প্রদান করা হয়েছে যখন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের সকলকে শীতকালে কোভিড মোকাবেলার জন্যে প্রস্তুতি নিতে নির্দেশ দিয়েছেন।"

এ অনুষ্ঠানে ব্রিগেডিয়ার জেনারেল মো: সেলিম মাহমুদ এনডিসি এফডাব্লিউসিপিএসসি, স্টেশন কমান্ডার, লেঃ কর্নেল আহমেদ ড্যানিয়েল ইসলাম, এসকেএমসিবি জেনারেল হাসপাতালের পরিচালক এবং সেনানিবাসের নির্বাহী কর্মকর্তা (সিইও) মোহাম্মদ গোলাম কিবরিয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

এছাড়া ট্রাস্টি বোর্ডের সভায় বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বারের ভাড়া ২০২০ সালের মার্চ থেকে সেপ্টেম্বর (সাত মাসের) জন্য অব্যাহতি প্রদান করা হয়। একজন কর্মী নিযুক্তি, ফি বিতরণ এবং হাসপাতালের বিভিন্ন পরিষেবাগুলির উন্নতির জন্য বাস্তবায়নে পদক্ষেপ নেবারও সম্মতি দিয়েছেন এই সভায়।

সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল সম্পর্কে:

সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল ঢাকা সেনানিবাসে অবস্থিত। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৩ই মে ২০১২ সালে হাসপাতালটির শুভ উদ্বোধন করেন। হাসপাতালটির মূল ভবন সামিট গ্রুপের প্রাতিষ্ঠানিক ফাউন্ডেশন সিরাজ-খালেদা ট্রাস্টের অর্থায়নে নির্মিত হয়। সিরাজ-খালেদা ট্রাস্টের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন: <http://www.siraj-khaledatrust.org/>

জেরা সম্পর্কে:

জেরা একটি বৈশ্বিক জ্বালানী কোম্পানী যার প্রধান শক্তি হলো জ্বালানী সাপ্লাই চেইনের পুরোটা জুড়ে কাজ করবার ক্ষমতা, যার ব্যাপ্তি এলএনজি ও অন্যান্য জ্বালানী প্রকল্পে অংশগ্রহন, জ্বালানীর পরিবহন এবং বিদ্যুৎ উৎপাদন। ২০১৫ সালে প্রতিষ্ঠিত জেরা, জাপানের প্রধান দুটি বিদ্যুৎ খাতের কোম্পানী [টেপকো ফুয়েল এন্ড পাওয়ার ইনকরপোরেটেড](#) এবং [চুবু ইলেকট্রিকের](#) সমবিনিয়োগের যৌথ মালিকানাধীন একটি প্রতিষ্ঠান। জেরার লক্ষ্য হলো জ্বালানী খাতের সম্পদ উন্নয়ন এবং ব্যবস্থাপনার মাধ্যমে বৈশ্বিক প্রতিযোগিতামূলক দরে বিদ্যুৎ ও জ্বালানী সরবরাহ করা। জেরা'র নিজ দেশে ২৬ টি বিদ্যুৎ প্রকল্প পরিচালনা করছে যার ক্ষমতা ৬৭ গিগাওয়াট এবং অন্যান্য দেশে বাস্তবায়নাধীনসহ প্রায় ১০ গিগাওয়াটের প্রকল্প রয়েছে। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন: www.jera.co.jp

মিডিয়া অনুসন্ধানের জন্য যোগাযোগ করুন:

মোহসেনা হাসান | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫ |